

নথি নং-২(১)-১/ইটি/২০০৪/

তারিখ- /০৯/২০১৮ খ্রিঃ।

অফিস আদেশ

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা স্মারক নং-০৮.০১.০০০০.০১১.০৯.০০১.১১.(১)-৭৬৭, তারিখ-২৮/০৮/২০১৮ খ্রিঃ মোতাবেক কাস্টম হাউস, ঢাকা ও এর আওতাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, এয়ারফ্রেইট ইউনিট, কুরিয়ার ইউনিট ও রপ্তানী ভিলেজে কর্মরত বিভিন্ন শাখা ও মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ নিয়মিত যথাসময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিমানবন্দরসহ বিভিন্ন শাখা ও মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ প্রায়ই বিলম্বে অফিসে উপস্থিত হন এবং অফিস চলাকালীন অনুনোমাদিতভাবে অফিসে অনুপস্থিত থাকছেন যা অত্যন্ত উদ্বেগজনক। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। বিলম্বে অনুনোমাদিতভাবে অফিসে উপস্থিতি গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ এর পরিপন্থী।

০২। এমতাবস্থায়, সরকারী কাজে গতিশীলতা ও শৃঙ্খলা আনয়নে বর্ণিত অধ্যাদেশ অনুযায়ী কাস্টম হাউস, ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়মিতভাবে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

স্বাক্ষরিত/-

মোসা. সারমিন আক্তার মজুমদার  
ডেপুটি কমিশনার  
কমিশনার এর পক্ষে  
ই-মেইল :dhakacustoms@yahoo.com

নথি নং-২(১)-১/ইটি/২০০৪/

তারিখ- ৭/০৯/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।

২। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইডিপি ম্যানেজার, কাস্টম হাউস, ঢাকা।

৪। ডেপুটি/সহকারী কমিশনার, অপারেশন ম্যানেজার-১/২/স্ক্যান গ্রুপ-১/১এ/ ২/ ২এ/৩/৩(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/কুরিয়ার স্ক্যান IM-7 / কুরিয়ার স্ক্যান (M-4)গ্রুপ-১/২/৩/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট/রপ্তানী পরীক্ষা/ রপ্তানী স্ক্যান/বিচার শাখা/আইন শাখা/নিলাম শাখা/সদর দপ্তর/পোস্ট ক্লিয়ারেন্স অডিট শাখা/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।

জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের মর্মানুযায়ী তাঁকে তাঁর অধিনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়মিতভাবে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

৫। রাজস্ব কর্মকর্তা, স্ক্যান গ্রুপ-১/১এ/২/২এ/৩/৩(এ)/৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/কুরিয়ার স্ক্যান IM-7/ কুরিয়ার স্ক্যান(IM-4)গ্রুপ-১/২/৩/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট/রপ্তানী পরীক্ষা/রপ্তানী স্ক্যান/বিচার/আইন/সদর/পোস্ট ক্লিয়ারেন্স অডিট/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।

৬। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। তাঁকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে এবং এ দপ্তরের কর্মকর্তাগণের গ্রুপ মেইলে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৭। শাখা সহকারী....., (সকল), কাস্টম হাউস, ঢাকা।

৮। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদর অবগতির জন্য)।

মোসা. সারমিন আক্তার মজুমদার  
ডেপুটি কমিশনার